

💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতীদের খাদ্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জানাতীদের খাদ্য

জান্নাতের সর্বপ্রথম আতিথ্য হবে তিমি মাছ ও বলদের কলিজার অতিরিক্ত অংশ দ্বারা। পৃথিবীর মাটি হবে রুটিরূপ খাদ্য। (বুখারী ৩৩২৯, মুসলিম ৩১৫নং)

বেহেস্তের খাবার পর্যাপ্ত পছন্দমত ফল-মূল, ইঙ্গিত পাখির মাংস। মহান আল্লাহ বলেছেন,

وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُونَ (20) وَلَحْمِ طَيْرٍ مِّمَّا يَشْتَهُونَ

অর্থাৎ, তাদের পছন্দ মত ফলমূল। আর তাদের পছন্দমত পাখীর মাংস নিয়ে। (ওয়াক্বিআহঃ ২০-২১)

وَأُمْدَدْنَاهُم بِفَاكِهَةٍ وَلَحْم مِّمَّا يَشْتَهُونَ

অর্থাৎ, আমি তাদেরকে ঢের দেব ফল-মূল এবং মাংস, যা তারা পছন্দ করে। (তুরঃ ২২)।

বরং যে খাবার খেতে মনে বাসনা হবে, সেই খাবারই জান্নাতীরা জান্নাতে খেতে পাবে। মহান আল্লাহ বলেন,

وَفِيهَا مَا تَشْتَهِيهِ الْأَنفُسُ وَتَلَدُّ الْأَعْيُنُ ؟ وَأَنتُمْ فِيهَا خَالِدُونَ

অর্থাৎ, সেখানে রয়েছে এমন সমস্ত কিছু, যা মন চায় এবং যাতে নয়ন তৃপ্ত হয়। সেখানে তোমরা চিরকাল থাকবে। (যুখরুফঃ ৭১)

দুনিয়াতে কষ্ট বরণ করে যে আমল তারা করত, তারই অসীলায় পাবে ইচ্ছামত পান-ভোজনের ব্যবস্থা। মহান আল্লাহ তাদেরকে বলবেন,

كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا كُنتُمْ تَعْمَلُونَ

অর্থাৎ, তোমরা যা করতে তার প্রতিফল স্বরূপ তোমরা তৃপ্তির সাথে পানাহার করতে থাক। (তুরঃ ১৯) সেখানে প্রত্যেক ফল দু'-প্রকার থাকবে। মহান আল্লাহ বলেন,

فِيهما مِن كُلِّ فَاكِهَةٍ زَوْجَان

অর্থাৎ, উভয় (বাগানে) রয়েছে প্রত্যেক ফল দুই প্রকার। (রাহমানঃ ৫২)

রকমারি ফলের বৃক্ষে ফল ঝুলে থাকবে। যা সম্পূর্ণরূপে জান্নাতীদের আয়ত্তাধীন করা হবে। জান্নাতীগণ বসে বা শয়ন করেও ফল তুলে খেতে পারবে। মহান আল্লাহ বলেন,

مُتَّكِئِينَ عَلَىٰ فُرُشٍ بَطَائِنُهَا مِنْ إِسْتَبْرَقٍ ۚ وَجَنَّى الْجَنَّتَيْنِ دَانٍ

অর্থাৎ, সেখানে তারা হেলান দিয়ে বসবে পুরু রেশমের আস্তরবিশিষ্ট বিছানায়, দুই বাগানের ফল হবে তাদের নিকটবর্তী। (রাহমানঃ ৫৪)



قُطُوفُهَا دَانِيَةٌ

অর্থাৎ, যার ফলরাশি ঝুলে থাকবে নাগালের মধ্যে। (হা-ক্বাহঃ ২৩)।

وَدَانِيَةً عَلَيْهِمْ ظِلَالُهَا وَذُلِّلَتْ قُطُوفُهَا تَدْلِيلًا

অর্থাৎ, সন্নিহিত বৃক্ষছায়া তাদের উপর থাকবে এবং ওর ফলমূল সম্পূর্ণরূপে তাদের আয়ত্তাধীন করা হবে। (দাহরঃ ১৪)

জান্নাতে আছে খেজুর, বেদানা ও আরো অজানা কত রকমের ফল। মহান আল্লাহ বলেন,

فِيهِمَا فَاكِهَةٌ وَنَخْلٌ وَرُمَّانٌ

অর্থাৎ, সেখানে রয়েছে ফলমূল খেজুর ও ডালিম। (রাহমানঃ ৬৮)
সেখানে থাকবে কুল (বরই), কাদি কাদি কলা। মহান আল্লাহ বলেন,

Source — https://www.hadithbd.com/books/link/?id=12194

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন